(একই তারিখ স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০-১৩৮

তারিখ : ২২ ভাদ্র ১৪২৭ / ০৬ সেপ্টেম্বর ২০২০

**বিষয়ঃ জুলাই, ২০২০ এর অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই, ২০২০ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসংগে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) -এ প্রশাসন-৩ শাখায় ১৩.০৯.২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সভার কার্যবিবরণী

০৭.০৯.২০২০

(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোনঃ +৮৮০২-৪৭১২৪৩৫৯
ই-মেইলঃ admin3@ssd.gov.bd

**বিতরণ :**

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
২. যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৩. উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৪. উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৫. সিনিয়র সহকারী সচিব ..............(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৬. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ; এবং
৮. সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা;
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা এবং
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০২.২০-১৩৮

তারিখ : ২২ ভাদ্র ১৪২৭ / ০৬ সেপ্টেম্বর ২০২০

**অনুলিপিঃ**

১. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

(মোঃ আবদুল কাদির)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুলাই, ২০২০ এর সমন্বয়সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৬ আগস্ট ২০২০, বেলা: ১১.০০ টা
স্থান : জুম অনলাইন প্লাটফরম
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আরো আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভার প্রারম্ভে সদ্য যোগদানকারী ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আইয়ুব চৌধুরী, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ আহসানুল জব্বার, অতিরিক্ত সচিব নিজ নিজ পরিচয় প্রদান করেন এবং সকলের সাথে পরিচিত হোন। সভাপতি তাঁদেরকে এ বিভাগের স্বাগত জানান। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-কে অনুরোধ করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার (জুন, ২০২০) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | জুন, ২০২০-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **সমন্বয়সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা** | | |
| | (ক) মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ :১০ ফেব্রুয়ারি ২০১৪<br>**সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**<br>**আলোচনা:** ২৫.০৬.১৯ তারিখে ব্রাজিলের বাংলাদেশ দূতাবাস থেকে জানানো হয়, যদি বাংলাদেশ আনুষ্ঠানিক এবং কার্যকরভাবে ই-পাসপোর্ট প্রবর্তন করে তবে বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে প্রস্তাবিত ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে।<br>**মন্তব্যঃ বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | • বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা।<br>• বাংলাদেশে গত ১৯ জুলাই ২০১৯ থেকে প্রবর্তিত ই-পাসপোর্টের একটি কপি এবং এতদসংশ্লিষ্ট সারসংক্ষেপ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ব্রাজিল সরকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা। | **অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |
| | (খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪<br>**সিদ্ধান্ত : ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।**<br>**আলোচনা:** বাংলাদেশ ও সার্বিয়া সরকারের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি সংক্রান্ত খসড়া চুক্তি স্বাক্ষরকরণের লক্ষ্যে ভিসা অব্যাহতি চুক্তিটি থেকে দুজন সাক্ষীর বিষয়টি বাদ দিয়ে এবং Article ১ এ "holding valid diplomatic or official passports shall exempt from the visa requirement ......"-এর স্থলে ".........holding valid diplomatic or official passports shall be exempted from the visa requirement..........."পুন:স্থাপন করে সংশোধিত খসড়া চুক্তির (বাংলা ও ইংরেজি) কপি ০৫.০৩.১৯ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ২৪.০৬.১৯ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে, সার্বিয়া কর্তৃপক্ষের পূর্বচাহিদা মোতাবেক সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রেরিত খসড়া চুক্তির বাংলা ও ইংরেজি কপি রোমের বাংলাদেশ দূতাবাসে প্রেরণ করা হয়েছে।<br>**মন্তব্যঃ বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | • বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা। | **অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/যুগ্মসচিব (বহি:-২** |

| | | | |
|---|---|---|---|
| | (গ) ২৮ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত :<br><br>সিদ্ধান্ত : ১৪। **বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য** 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People's Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' **শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন**<br><br>আলোচনা: ৭ নভেম্বর ২০১৯ তারিখে চুক্তিটি স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**মন্তব্যঃ বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।** | • বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা। | **অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/সিনিয়র সহকারী সচিব (বহি:-২)** |
| | (ঘ) মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৬<br><br>সিদ্ধান্ত: ৮। **মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**<br><br>• প্রস্তাবিত আইন সংশোধনক্রমে ভেটিং এর জন্য গত ২৮.০৩.১৬ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬' ভেটিংপূর্বক এ বিভাগে অদ্যাবধি ফেরত পাওয়া যায়নি। | • লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করা। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান** |
| | ঙ) মসবৈ২৮-(১০)-২০১৮, তারিখ: ০৮ অক্টোবর ২০১৮<br><br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০২০-এর ভেটিং এর জন্য ০২.০৭.২০২০ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত বিভাগ খসড়াটি ভেটিং করে এ বিভাগে প্রেরণ করেছেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০-এর খসড়াটি মন্ত্রিসভায় চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন। | • মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০২০-মন্ত্রিপরিষদে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করা। | |
| | (ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬<br>**সিদ্ধান্ত : ৮.৩। Jail Code Rules-এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br><br>বিদ্যমান আইন, পরিবর্তিত আইন (খসড়া) এবং পরিবর্তনের কারণ সম্বলিত তিন কলামের প্রতিবেদন প্রস্তুতের কার্যক্রম চলমান। এ বিষয়ে সর্বশেষ ৩০.১২.২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>**৮.৪। Jail Code Rules-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।**<br><br>Bangladesh Prison's and Correctional Services Act, ২০১৭- এর প্রণয়ন কাজ শেষে Jail Code Rules -এর বাংলা ভাষায় অনুবাদের কাজ শুরু করা হবে। | • মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত 'জেল কোড সংশোধন' কার্যক্রমের বিষয়ে জেল কোড সংশোধন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি |
| | (জ) মসবৈ-০৬(০৪)/২০১৯, **তারিখ : ০১ এপ্রিল ২০১৯**<br><br>বিষয়-১: **দেশে অগ্নিনির্বাপণ প্রতিরোধে করণীয় নির্ধারণ**<br><br>সিদ্ধান্ত :<br><br>**৭।১. দেশে অগ্নিদুর্ঘটনার কারণ এবং করণীয় সম্পর্কে বিশদ আলোচনা হয়। দেশে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে 'Bangladesh National Building Code'-এর যথাযথ অনুসরণ এবং উহার প্রয়োগ নিশ্চিত করিবার আবশ্যকতা রহিয়াছে। দেশে জলাশয়, পুকুর প্রভৃতি ভরাট করিয়া অপরিকল্পিতভাবে ভবন নির্মাণের প্রবণতা পরিলক্ষিত হয়। ভবন নির্মাণের ক্ষেত্রে প্রায়শই বাংলাদেশের ভূপ্রকৃতি বিবেচনা করিয়া নকশা প্রণয়ন করা হয় না। ভবনে অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়ে বাধ্যবাধকতা থাকিলেও ইহার কার্যকারিতা নিয়মিতভাবে** | • মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা। | অগ্নি অনুবিভাগ/ মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | পরীক্ষা ও পরিবীক্ষণ করা হয় না। ইহা ছাড়া এই বিষয়ে প্রশিক্ষিত ব্যাক্তির সংখ্যাও অপ্রতুল। অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করাও আবশ্যক। এই লক্ষ্যে দেশের সকল স্তরে অগ্নিনির্বাপণ, জরুরি উদ্ধার, জরুরি বহির্গমন ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ/ফায়ার ড্রিল এর আয়োজন করা আবশ্যক।<br><br>৭.২ভবনের নকশা অনুমোদনকালে প্রদত্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করিয়া ভবন নির্মিত হইতেছে কিনা তাহা পরিবীক্ষণের ব্যবস্থা থাকা আবশ্যক। ভবন নির্মিত হইবার পর ভবনটির নিরাপত্তা ব্যবস্থা যথাযথ কিনা এবং ভবনটি যথাযথ আইন/বিধি অনুসারে নির্মিত হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া বসবাসযোগ্যতার সনদ বা (Occupancy Certificate) প্রদানের পরই ইউটিলিটি সংযোগ প্রদানের ব্যবস্থা করা যাইতে পারে। প্রতিটি ভবনে বিশেষ করিয়া বহুতল ভবনের অগ্নিনির্বাপণ ব্যবস্থা যথাযথ মানসম্পন্ন কিনা তাহা পরীক্ষা করিয়া প্রতিবৎসর অগ্নিনিরাপত্তা সনদ প্রদানের ব্যবস্থা করা যায় কিনা তাহাও পরীক্ষা করিয়া দেখা যাইতে পারে।<br><br>৭.৩। অগ্নিনির্বাপণ ব্যবস্থাপনায় আরও আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি (বহুতল ভবনের উপযোগী উচ্চতাবিশিষ্ট মই, জাম্প কুশন ইত্যাদি) ব্যবহারের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সক্ষমতা আরও বৃদ্ধি করা প্রয়োজন।<br><br>৮। অগ্নিদুর্ঘটনা প্রতিরোধে মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে।<br><br>বর্ণিত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে যথাযথ কার্যক্রম চলমান আছে। | | |
| | (ঞ) মসবৈ-১৪)০৮/(২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯<br><br>**বিষয়-১: মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৯ সালের দ্বিতীয় ত্রৈমাসিক (এপ্রিল-জুন) প্রতিবেদন।**<br><br>**সিদ্ধান্ত : ৯.২। ১৪ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে সামরিক শাসনামলে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা বিবেচনা করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন ও রহিতক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের যে নির্দেশনা প্রদান করা হয়, তৎপরিপ্রেক্ষিতে যে-সকল মন্ত্রণালয়/বিভাগে অনুরূপ অধ্যাদেশ অদ্যাবধি অনিষ্পন্ন রহিয়াছে সেইগুলির বিষয়ে সংশ্লিষ্ট সচিবগণ কর্তৃক দ্রুত পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। ইহা ছাড়া '১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩' এবং '১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩'-শীর্ষক আইনসমূহের তফসিলভুক্ত কোন অধ্যাদেশ আইন আকারে প্রণয়নের আবশ্যকতা না থাকিলে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে পরামর্শক্রমে সংশ্লিষ্ট তফসিল হইতে উহা বিযুক্ত করিবার উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।**<br>আলোচনা: ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ এর তফসিলে অন্তর্ভুক্ত অধ্যাদেশের সংখ্যা ৮৫টি। উক্ত ৮৫টি অধ্যাদেশ অত্র বিভাগের সাথে সম্পর্কযুক্ত নয়। অন্যদিকে '১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৯ শীর্ষক আইনের তফসিলে অন্তর্ভুক্ত অধ্যাদেশের সংখ্যা ৮১টি। ঐ অধ্যাদেশগুলোও অত্র বিভাগের সাথে সম্পর্কযুক্ত নয়। | • এতৎবিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনপূর্বক সমন্বয়সভায় বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা। | অনুবিভাগ প্রধান(সকল)/ অধিদপ্তর প্রধান (সকল) |

<table>
<tr>
<td></td>
<td><u>(ট)</u> মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯<br><br>সিদ্ধান্ত: ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।<br>মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে এ বিভাগ সংশ্লিষ্ট ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তরে ইংরেজি ভাষায় প্রণীত কোন আইন বিদ্যমান নেই । তবে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নবর্ণিত আইন বিদ্যমান আছে যেমন:<br>• The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>• The Passport Act, 1920<br>• The Registration of Foreigners Act, 1939<br>• The Foreigners Act, 1946<br>• The Citizenship Act, 1951<br>• The Passport (Offences) Act, 1952<br>• The Control of Entry Act, 1952<br>• The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972<br>• Power Alcohol Ordinance, 1959 (Ordinance No. LIX of 1959)'</td>
<td>• ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের-৮টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের-১টি আইন যুগোপযোগী করে বাংলায় প্রণয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ করা এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা।<br><br>• Power Alcohol Ordinance, 1959 (Ordinance No. LIX of 1959)- সম্পর্কিত আইনটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সংশ্লিষ্ট কি-না তা যাচাই করে এবিষয়ে ১টি প্রতিবেদন প্রেরণ করা।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান</td>
</tr>
<tr>
<td>২.২</td>
<td>ই-টেন্ডারিং :<br>আলোচনা:<br>• চলতি অর্থবছরের জুলাই, ২০২০ পর্যন্ত ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ১৫টি, কারা অধিদপ্তরে ১৫টি প্যাকেজে পণ্য ক্রয়ের দরপত্র আহ্বান করা হয়েছে ।</td>
<td>সিদ্ধান্তসমূহ :<br>• বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখা;<br>• ই-জিপিতে প্রদত্ত শর্ত কিংবা পিপিআর এর নির্দেশনা মোতাবেক কমিটিতে অন্য সংস্থা/দপ্তর হতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য মনোনয়ন নিশ্চিত করা।<br>• বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্তকৃত মালামালসমূহ বাজারদর যাচাই কমিটি কর্তৃক যথাযথভাবে যাচাইপূর্বক পণ্য/সেবা ক্রয় সম্পন্ন করা, ক্রয় কার্যক্রম সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক follow up-এ রাখা।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>• বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :<br>আলোচনা:<br>• সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ৩০ জুলাই ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট সফটওয়্যার-এ আপলোড করা হয়েছে।<br>• সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২৩ জুলাই ২০২০ তারিখে স্বাক্ষরিত হয়েছে।</td>
<td>সিদ্ধান্তসমূহ :<br>• এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের সাথে মাঠপর্যায়ের কর্মকর্তাগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্ধারিত সময়ের মধ্যে স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন করা।<br>• এপিএ টিম এবং দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক এপিএ-তে বর্ণিত সূচক বাস্তবায়নে নির্ধারিত সময় অন্তর ফোকাল কর্মকর্তাদেরকে নিয়ে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক এপিএ-তে বর্ণিত সূচক অর্জনের অগ্রগতি পর্যালোচনা করা এবং পরবর্তী করণীয় নির্ধারণ করে দেয়া।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২.৬</td>
<td>জনবল :<br><u>সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :</u><br>
<table>
<tr><th>মন্ত্রণালয়/ অধিদপ্তর</th><th>অনুমোদিত পদ</th><th>পূরণকৃত পদ</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০২</td><td>৭৫</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩,০৫৯</td><td>১,৪৪৪</td><td>১,৬১৫</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১৩,১১০</td><td>১০,৯১৬</td><td>২,১৯৪</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৩৭৮</td><td>১৮০০</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১,১৮৪</td><td>১,১২৬</td><td>৫৮</td></tr>
<tr><td>মোট =</td><td>২৯,৮০৮</td><td>২৪,০৬৬</td><td>৫,৭৪২</td></tr>
</table></td>
<td>• অধিদপ্তরসমূহের নবসৃষ্ট শূন্যপদসহ সকল শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রক্রিয়া নির্ধারিত সময়ে সম্পন্ন করা;<br>• ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পদ সৃজনের চলমান কার্যক্রম দ্রুত সম্পন্ন করা।<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের যে সকল ফায়ার স্টেশনের নির্মাণকাজ ইতোমধ্যে লোকবলের অভাবে চালু করা যাচ্ছে না সেসকল স্টেশন চালু করার জন্য এ অধিদপ্তরের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করা।</td>
<td>অধিদপ্তর প্রধান(সকল)/ সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব (প্রশাসন-১)</td>
</tr>
</table>

**অডিটঃ**

| সংস্থা | মোট আপত্তি | জড়িত টাকা | নিষ্পত্তি | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| এসএসডি | ৮ | ৭,৯৪,৬২,৭২৯ | ০২ | ০৬ |
| ডিআইপি | ৪৬ | ৫৮১,৯৬,৯৩,০০০ | ০০ | ৪৬ |
| ডিএনসি | ১৪ | ৭২৬,১৩,১৫,৮৬০/১১ | ০০ | ১৪ |
| প্রিজন | ২৫২ | ৭৩,৫৩,৯১,৬৪৫ | ০০ | ৩৭ |
| এফএসসিডি | ১২ | ২,৫৩,৮২,৬৮৯ | ০০ | ১২ |
| মোট | ৩৩২ | ১৩৯২,১২,৪৫,৯২৩/১১ | ০২ | ১১৫ |

- প্রত্যেক মাসে সমন্বয়সভায় নির্ধারিত ছকে অডিট আপত্তির তথ্য প্রদান অব্যাহত রাখা;
- সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য যথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া।
- অগ্রিম অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির জন্য জরুরিভিত্তিতে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগপূর্বক ত্রিপক্ষীয় সভার আয়োজন করা।

**অনুবিভাগ /অধিদপ্তর প্রধান/উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা**

২.৮ **পেনশনঃ**

- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে অনিষ্পন্ন পেনশনের সংখ্যা ১টিঃ ওয়ারিশ সনাক্তকরণের বিষয়ে কোর্টে মামলা চলমান।
- কারা অধিদপ্তরে অনিষ্পন্ন পেনশনের সংখ্যা ১টিঃ লাম্পগ্রান্ট মঞ্জুর করা হয়েছে।

- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা।

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ**

২.৯ **পরিদর্শনঃ জুলাই, ২০২০**

**অগ্রগতিঃ বিবেচ্য মাসে উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ৪টি, ডিআইপি ৭টি কর্তৃক কার্যালয়/প্রকল্প পরিদর্শন করা হয়েছে।**

**সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;
- চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মত বিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্ধ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা।

**অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান(সকল)**

২.১০ **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, সুরক্ষা সেবা বিভাগে অধিদপ্তর হতে প্রেরিত অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

| অধিদপ্তরের নাম | পেন্ডিং চিঠির সংখ্যা |
|---|---|
| ডিআইপি | ৮টি |
| ডিএনসি | ৫টি |
| এফএসসিডি | ৫৮টি |
| প্রিজন | ৭২টি |

- নিম্নের ছকে অধিদপ্তর ও মন্ত্রণালয়ে অনিষ্পন্ন বিষয়সমূহের তথ্য মাসিক সমন্বয়সভায় উপস্থাপনের লক্ষ্যে প্রতিমাসের ৭ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখা;
- সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা।

**অধিদপ্তর প্রধান/অনুবিভাগ প্রধান (সকল)**

২.১১ **প্রশিক্ষণ (জুলাই, ২০২০): বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে প্রদত্ত প্রশিক্ষণ ঘণ্টা ।**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/কর্মচারীর শ্রেণি | ক্রমপুঞ্জিভূত প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা) |
|---|---|---|
| ডিআইপি | ১ম | ০০ |
| | ২য় | ০০ |
| | ৩য় | ০০ |
| | ৪র্থ | ০০ |
| ডিএনসি | ১ম | ০০ |
| | ২য় | ০০ |
| | ৩য় | ০০ |
| | ৪র্থ | ০০ |
| এফএসসিডি | ১ম | ০০ |
| | ২য় | ২.২ |
| | ৩য় | ৩.৫৩ |
| | ৪র্থ | ০.১৮ |
| প্রিজন | ১ম | ৬.৩০ |
| | ২য় | ৮.০০ |
| | ৩য় (সিভিল) | ৭.০০ |
| | ৩য় (ইউনিফর্ম) | ৭.৩০ |
| | ৪র্থ | ৩.০০ |

**অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

সিদ্ধান্তসমূহ:

- জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক (Need Based) প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা।
- ডিআইপি-র ৪র্থ শ্রেণির, ডিএনসির ২য় শ্রেণির এবং ৪র্থ শ্রেণির, এফএসসিডির ১ম এবং ২য় শ্রেণির ও প্রিজনের ২য় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ কার্যক্রমের আরও দৃশ্যমান অগ্রগতি সাধন করা এবং নিম্নের ছকে প্রশিক্ষণের তথ্য এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখাঃ

| কর্মকর্তা/কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত জনপ্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা) | বর্তমান মাসে জনপ্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘণ্টা) | ক্রমপুঞ্জিভূত প্রদত্ত প্রশিক্ষণ ঘণ্টা) |
|---|---|---|---|---|
| | | | | |

- এ বিভাগসহ সকল অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য বার্ষিক ৬০ ঘন্টার Need based প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সম্পন্ন করা।

---

**২.১২ ওয়েবসাইট হালনাগাদকরণ : অধিদপ্তরসমূহের** ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার কার্যক্রম অব্যাহত আছে।

| অধিদপ্তরের নাম | বিবেচ্যমাসে আপলোডকৃত বিষয়/তথ্য |
|---|---|
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** | • বদলী আদেশ-১টি;<br>• ই টেন্ডার সংক্রান্ত নোটিশ- ২টি;<br>• বৃক্ষরোপন কর্মসূচী (ফটোগ্যালারী), হোম স্লাইডার।<br>• জেষ্ঠ্যতার তালিকা-১টি। |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | • অফিস আদেশ-৩৫টি; এবং<br>• অভিযান |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** | • নোটিশ- ১৪টি<br>• এনওসি-০১টি<br>• অফিসঅর্ডার-৩৩টি |
| **কারা অধিদপ্তর** | • নোটিশসমূহ জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে), এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি ও বিভিন্ন প্রোগ্রামের ছবি (নিউজ, ইভেন্ট) দৈনিক বন্দির সংখ্যা |

সিদ্ধান্ত:

- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড/আপডেট করা;
- কারা অধিদপ্তরের ওয়েবসাইট পরবর্তী সভার পূর্বেই আপডেট/গুরুত্বপূর্ণ তথ্যাদি আপলোড করা।
- কর্মকর্তাদের মোবাইল নাম্বারসহ ওয়েবসাইটে তথ্য হালনাগাদ রাখা।

দায়িত্ব: **অধিদপ্তর প্রধান (সকল)/ যুগ্মসচিব (বহি-৪ অধিশাখা)**

---

**২.১৩ ই-ফাইলিং:**

| বিভাগ/সংস্থার নাম | ক্যাটাগরি | গত মাসের অবস্থান | বর্তমান অবস্থান |
|---|---|---|---|
| **এসএসডি** | মধ্যম ক্যাটেগরির ১৫টি মন্ত্রণালয়/বিভাগ | ৭ম | ৪র্থ |
| **ডিআইপি** | মধ্যম ক্যাটেগরির ১৮টি অধিদপ্তর | ১৪তম | ১৩তম |
| **ডিএনসি** | ছোট ক্যাটেগরির ৩৮টি অধিদপ্তর | ১৪তম | ১৬তম |
| **এফএসসিডি** | ছোট ক্যাটেগরির ৩৮টি অধিদপ্তর | ৯ম | ১৭তম |
| **প্রিজন** | ছোট ক্যাটেগরির ৩৮টি অধিদপ্তর | ৩২তম | ১৯তম |

সিদ্ধান্ত:

- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নে দপ্তর/সংস্থা কর্তৃক আরো দৃশ্যমান অগ্রগতি সাধন করা;
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে সমন্বয়সভায় উপস্থাপন করা।

দায়িত্ব: **অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)**

---

**২.১৪ ইনোভেশন ও উত্তম চর্চা :**

| বিভাগ/সংস্থার নাম | ইনোভেশনের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ডিআইপি | ৪টি | |
| ডিএনসি | ৯টি | |
| এফএসসিডি | ৫টি | |
| প্রিজন | ৫টি | |

সিদ্ধান্ত:

- মাসিক সমন্বয়সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মাসিক সভায় উপস্থাপন করা।

দায়িত্ব: **অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা**

---

**২.১৫ ভিডিও কনফারেন্সিং :**

| বিভাগ/ সংস্থার নাম | অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ডিআইপি | আইপি ফোনের মাধ্যমে ভিডিও কনফারেন্স করা হয়। | |
| ডিএনসি | ০৩ | |
| এফএসসিডি | ৩৭ | |
| প্রিজন | ২ | |

সিদ্ধান্ত:

- মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা।

দায়িত্ব: **অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

**২.১৬ সুরক্ষা সেবা বিভাগ ও অধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :**

| দপ্তর/সংস্থা | সুরক্ষা সেবা বিভাগ+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান **বিভাগীয়** মামলা | সুরক্ষা সেবা বিভাগ+ অধিদপ্তরসমূহের ১ম শ্রেণির কর্মকর্তাগণের বিরুদ্ধে **আপিল** মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে চলমান **বিভাগীয়** মামলা | অধিদপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে **আপিল** মামলা |
|---|---|---|---|---|
| এসএসডি | ২ | ০ | - | -- |
| ডিআইপি | ৮ | ০ | ১১ | ০ |
| এফএসসিডি | ২ | ০ | ৪৫ | ৩ |
| ডিএনসি | ৩ | ০ | ৩৩ | ০ |
| কারা | ১২ | ০ | ৫৮১ | ১ |
| **মোট** | **২৭** | **০** | **৬৭০** | **৪** |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তাগণের বিরুদ্ধে চলমান বিভাগীয় পেন্ডিং মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা;
- এ বিভাগসহ অধিদপ্তরসমূহের মামলাসমূহের ডাটাবেইজ প্রস্তুতকরণ কর্যক্রম দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন আছে। এ বিভাগের প্রোগ্রামার কর্তৃক একটি ডাটাবেইজ প্রণয়নের অনিষ্পন্ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং প্রত্যেক মাসে-এর আপডেট প্রদান করা।

**দায়িত্ব:** অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার

| ক্রম | বিষয় | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| ২.১৭ | **পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের অগ্রগতি :** | • পাসপোর্ট এ্যাপস তৈরির কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। | **অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/ মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়